দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 19 NOV 2015 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ......

# চীনের ডালিয়ান ভার্সিটি প্রতিনিধি দলের সঙ্গে ইউজিসি চেয়ারম্যানের মতবিনিময়

চীনের ডালিয়ান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের ভাইস-প্রেসিডেন্ট প্রফেসর ড. লিও জেঙ্গিয়াং-এর নেতৃত্বে ১০ সদস্যের প্রতিনিধি দলের সঙ্গে সোমবার বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নানের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ডালিয়ান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের পক্ষে এনজিং, ভাইস-প্রেসিডেন্ট, উ লিহহুয়া, সিইইডিআই, উয়াং ইংঘি, ভাইস-প্রেসিডেন্ট অব আর্কিটেকচারাল একাডেমিসহ অন্যরা উপস্থিত ছিলেন। ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান প্রতিনিধি দলকে স্বাগত জানান ডালিয়ান বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি দল তাঁদের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমের ওপর একটি প্রেজেন্টেশন উপস্থাপন করেন।
-বিজ্ঞপ্তি